

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
সেন্টার পয়েন্ট, প্লট নং ২৩-২৬, রোড নং ৪৬, গুলশান-২, ঢাকা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.২০৭.০০০.০৩.০২.৫১২.২০১৭-২৭৪

তারিখঃ ০৯/১০/২০১৭খ্রিঃ

অফিস আদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কোন কোন কর্মকর্তা/কর্মচারী অফিসে বিলম্ব উপস্থিত হন এবং অফিস চলাকালীন তার উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অফিস ত্যাগ করছেন। ইহা গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ ১৯৮২ এর লঙ্ঘন। এ বিষয়ে ইতোপূর্বে অফিস আদেশ জারি করা হলেও তা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না মর্মে লক্ষ্য করা যাচ্ছে।

০২। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে উক্ত অধ্যাদেশ যথাযথভাবে প্রতিপালনের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হলো। সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ তাদের অধীনস্থ সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে এই অধ্যাদেশ যথাযথভাবে প্রতিপালন করার বিষয়টি নিশ্চিত করবেন।

০৩। উল্লেখ্য যে, উক্ত অধ্যাদেশ যথাযথভাবে অনুসরণ করা না হলে বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-

০৮/১০/২০১৭খ্রিঃ

(দুলাল কৃষ্ণ সাহা)

সচিব(যুগ্মসচিব)

ফোনঃ ৮৮৩৪৯৩০

ফ্যাক্সঃ ৮৮৩৪৯৮৩

স্মারক নং-৪৬.২০৭.০০০.০৩.০২.৫১২.২০১৭-২৭৪

তারিখঃ ০৯/১০/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ০১। বিভাগীয় প্রধান (সকল)-----, ডিএনসিসি।
- ০২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, (সকল) অঞ্চল-----, ডিএনসিসি।
- ০৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ডিএনসিসি (ডিএনসিসির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। মেয়র মহোদয়ের একান্ত সচিব, ডিএনসিসি (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। প্রধান নির্বাহী কর্মকর্তার মহোদয়ের স্টাফ অফিসার, ডিএনসিসি (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। সহকারী সচিব, (সকল)-----, ডিএনসিসি।
- ০৭। সচিবের ব্যক্তিগত সহকারী, ডিএনসিসি।
- ০৮। অফিস কপি।

ইমদ আলী
০৯/১০/১৭
(মোঃ ইমদ আলী)
সহকারী সচিব

সংস্থাপন শাখা-১

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।